

- **মাঠ (Field) কাকে বলব?**

জরিপের ক্ষেত্রে মাঠের একটি বিশেষ সংজ্ঞা আছে। মাঠ হল এক টুকরো ভূমি বা জমি যার একটা সুনির্দিষ্ট আল বা সীমানা থাকবে। সে ভূমি খণ্ডটি কোন না কোন লোক বা প্রতিষ্ঠান (ক্লাব, সরকারি সংস্থা, বেসরকারি সংস্থা ইত্যাদি) দখল করে। প্রতিটি মাঠের ব্যবহার অনুযায়ী শ্রেণী (classification) থাকবে, যেমন: ডাঙ্গা, পুকুর, জলাশয়, রেলপথ, রাস্তা ইত্যাদি।

S S R K DIGITAL
ssrkdigital.com



# Chain Survey- এর জন্য প্রয়োজনীয় সরঞ্জাম

- Pen, Pencil, Eraser, Sharpner
- গুনিয়া (২), 330 স্কেল (১)
- প্লাস্টিক ডায়গোনাল স্কেল
- ফিতা/Tape (2)
- মোবাইলে কম্পাস APP
- Calculator (2)- Pocket & Table

ssrkdigital.com





# Chain Survey- এর জন্য প্রয়োজনীয় সরঞ্জাম যেগুলো একজন সার্ভেয়ার এর বাড়িতে থাকা উচিত

**বিশেষ এবং জটিল জায়গা পরিমাপের জন্য**

- গান্টার্স চেইন (৫০ লিঙ্ক)
- FREEMANCE স্টিল টেপ
- লোহার বারের তৈরী পেগ (৬ পিস, দৈর্ঘ্য ১ ফুট ৬ ইঞ্চি)
- রেঞ্জিং রড
- লাটাই সহ টন সুতা
- লাল (২) ও হলুদ (২)পতাকা
- Optical Square



SSRK DIGITAL
ssrkdigital.com



# Chain Survey প্রক্রিয়াতে জরীপ সম্পন্ন করার জন্য কতজন দরকার

- সার্ভেয়ার / আমিন
- দুইজন চেইনম্যান

S S R K DIGITAL
ssrkdigital.com





# Chain Survey- এর সুবিধাঃ

প্রথমতঃ এই পদ্ধতি দিয়ে খুব অল্প অর্থ ব্যয় করে ভূমির জরীপ করা যায় এবং নকশা প্রস্তুত করা যায়।

দ্বিতীয়তঃ এই পদ্ধতিতে প্রয়োজনস্বরূপ নির্ভুলভাবেই মানচিত্র তৈরী করা যায়।

তৃতীয়তঃ খুব কম সংখ্যক লোক দিয়ে এই জরিপ কার্য করা যায়।

চতুর্থতঃ মোটামুটি সারা বছর ধরেই (কেবলমাত্র বর্ষাকাল বাদ দিলে) এই পদ্ধতিতে জরিপ কার্য করা যায়।

পঞ্চমতঃ এই জরিপে ব্যবহৃত গাণিতিক সূত্রগুলি খুব সহজ ও সরল ভাবে ব্যবহার করিয়া মোটামুটি সাধারণমানের যেকোন ব্যাক্তি এই জরিপ সঠিক ভাবে করতে পারেন।

SSRK DIGITAL
ssrkdigital.com



# Chain Survey- এর অসুবিধাঃ



যদি জরীপ ক্ষেত্রের এলাকা খুব বড় হয় বা দুর্গম কোন এলাকা যেমন বড় জলাশয়, জঙ্গল, নদী প্রভৃতির ক্ষেত্রে চেইন-এর সাহায্যে জরিপ করার অসুবিধা থাকে।

S S R K DIGITAL
ssrkdigital.com



# জমি জরিপ কি কি কারনে করা হয়?



কোনো একটি নির্দিষ্ট জমি জরিপ করা হয় বিশেষ কতকগুলি উদ্দেশ্যে। সেগুলো হল:

১। কোনো নির্দিষ্ট জমির চারিদিকের সীমানার দৈর্ঘ্য জানার জন্য।

২। কোনো নির্দিষ্ট জমির ক্ষেত্রফল নির্ণয়ের উদ্দেশ্যে।

৩। নক্সা প্রস্তুতির জন্য প্রয়োজনীয় তথ্য সংগ্রহের উদ্দেশ্যে।

৪। কোনো নির্দিষ্ট জমির সীমা নির্ণয়ের জন্য।

৫। কোনো জমিকে কতকগুলি অংশে বিভক্ত করবার জন্য।

S S R K DIGITAL
ssrkdigital.com





# যে বিষয়গুলি একটি হাতনক্সা তে উল্লেখ থাকা উচিত

১। হাতনক্সা বানানোর উদ্দেশ্য
২। জেলার নাম, থানার নাম
৩। মৌজার নাম
৪। জে. এল. নং
৫। দাগ নং (আর. এস. এবং এল. আর.)
৬। উত্তর দিকের নির্দেশক চিহ্ন
৭। যে স্কেলে নক্সা টি প্রস্তুত করা হয়েছে তার বিবরন
৮। নক্সা-র একক (লিঙ্ক / ফুট-ইঞ্চি ইত্যাদি)
৯। পক্ষগনের নাম
১০। উপস্থিত শালিশিয়ানগনের স্বাক্ষর
১১। সার্ভেয়ার-এর স্বাক্ষর

S S R K DIGITAL
ssrkdigital.com

